"Working Today To Shine Tomorrow"

BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএ: SICIP-BKMEA/প্রশিক্ষণ কোর্স/২০২৫/৫৩২১
০৩ জুলাই, ২০২৫ইং

**কারখানার ট্রেনিং সেন্টারকে SICIP-BKMEA প্রকল্পের আওতায় অন্তর্ভূক্তিকরণ**

## সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়:** SICIP প্রকল্পের আওতায় নতুন অপারেটর নিয়োগের ক্ষেত্রে **"Advanced Sewing Machine Operation Multi Skills)"** প্রশিক্ষণ প্রদানে আপনার কারখানার ট্রেনিং সেন্টারটি অন্তর্ভূক্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রপ্তানী আয়ের বেশির ভাগই অর্জিত হয় পোশাক শিল্প খাত থেকে এবং বিশ্ব বাজারে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। আন্তর্জাতিক বাজারে শীর্ষ স্থান দখল করতে এবং রপ্তানী প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে দক্ষ শ্রমিকের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এ লক্ষ্যে Ministry of Finance এর আওতায় Skills for Industry Competitiveness and Innovation Program (**SICIP**) এর অধীনে বিকেএমইএ তার কিছু সংখ্যক সদস্য কারখানায় (ট্রেনিং রুম ও সুইং ল্যাব সম্বলিত) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করছে। যে সকল কারখানায় ট্রেনিং রুম ও সুইং ল্যাব রয়েছে সেই কারখানাগুলোকে বিকেএমইএ সিসিপ (SICIP) ট্রেনিং সেন্টার হিসাবে অন্তর্ভূক্ত করে **নতুন অপারেটর নিয়োগের ক্ষেত্রে "Advanced Sewing Machine Operation (Multi Skills)"** ট্রেনিং পরিচালনার উদ্যোগ গ্রহন করেছে। এ প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ বাবদ কারখানাকে প্রতি ব্যাচের জন্য Center In-charge, Lead Trainer, Associate Trainer, Accountant cum Computer Operator এবং Support Staff এর বেতন, Training Materials, Maintenance of Training Equipment, Training Venue Rent, Utilities, Trainee দের জন্য প্রতি ক্লাস বাবদ Conveyance & Refreshment এর অর্থ প্রদান করা হবে। এখানে উল্লেখ্য যে প্রতি ব্যাচ ২ মাস (২৪০ ঘন্টা) মেয়াদী হবে। এতে প্রশিক্ষিত শ্রমিকরা দক্ষতার সাথে কাজ করে উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে।

**এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালোনার জন্য আপনার কারখানায় প্রশিক্ষণ উপকরণসহ ২৫ জন প্রশিক্ষণার্থীর জন্য ১টি ক্লাস রুম ও ২৫টি সেলাই মেশিন সম্বলিত ১টি সুইং ল্যাব রুম থাকতে হবে।**

উক্ত সুবিধা সম্বলিত আগ্রহী কারখানা প্রতিষ্ঠানকে বিকেএমইএ ট্রেনিং সেন্টার এর তালিকায় অন্তর্ভূক্ত হওয়ার জন্য আগামী **১৫ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে** বিকেএমইএ সভাপতি বরাবর আবেদন করে নিন্মোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য সবিনয়ে অনুরোধ জানাচ্ছি। বিস্তারিত তথ্যের জন্য নিম্নোক্ত মোবাইল নাম্বারে যোগাযোগ করুন:

| নাম | পদবী | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|
| ইঞ্জি: মনীন্দ্র চন্দ্র দাস | কো-অর্ডিনেটর, SICIP-BKMEA | ০১৭১৬০২৩৭৮০ | piu1@bkmea.com |
| রঞ্জন কুমার রায় | কো-অর্ডিনেটর, SICIP-BKMEA | ০১৭১২৫৯২০৮৯ | piu8@bkmea.com |

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে,

০৩.০৭.২৫

ইঞ্জি: রূপালী বিশ্বাস
চীফ কো-অর্ডিনেটর
**SICIP-BKMEA**

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
**Phone :** +880 2 224437646, **E-mail :** info@bkmea.com
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** +880 2 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.
**Phone :** +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net
**Log on :** www.bkmea.com